

[কে.এম, আইনুব আলী, প্রকল্প পরিচালক, বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্প
বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন, ঢাকা-১২০৮।]

[বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন প্রকার স্টেশনারী মালামাল ক্রয়।
-এর জন্য কোটেশন প্রদানের অনুরোধজ্ঞাপনপত্র

কোটেশন নম্বর: ১৫.৬০.০০০০.০৫০.১৪.০১৯.১৯- ২৫/৪৩২(৮)

তারিখ: ২৬/০৬/২০১৯ খ্রি:

প্রতি,

বিএফডিসি প্রকল্প: (ইলেক্ট্রনিক্স)
৭০৩ ইন্ডিস্ট্রি পার্ক
.....

১. প্রকল্প পরিচালক, বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্প এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।
২. ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিবরণের বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।
৩. 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।
৪. কোটেশন যথাযথভাবে প্রস্তুতপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।
৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।
৬. সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে [২৫/০৬/২০১৯ তারিখ বেলা- ০২:০০]-এ বা এর পূর্বে কোটেশন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে। কোটেশনের খামে "বিএফডিসি কমপ্লেক্স নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় বিভিন্ন প্রকার স্টেশনারী মালামাল ক্রয়।"-এর জন্য কোটেশন এবং [২৫/০৬/২০১৯ তারিখ বেলা ০২:০০]-এর আগে খোলা যাবে না" লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।
৭. ফ্যাক্স বা ইলেক্ট্রনিক মেইলের মাধ্যমে প্রাপ্ত এবং উপরোক্তিতে ৬ অনুচ্ছেদের বর্ণনা অনুযায়ী চিহ্নিত করা কোটেশনসমূহ ক্রয়কারী সিলমোহরকৃত ও খামভুক্ত করবে এবং এভাবে প্রাপ্ত কোটেশনসমূহ উন্মুক্ত না করে মূল্যায়নের জন্য কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের একই তারিখে মূল্যায়ন কমিটির কাছে পাঠাতে হবে।
৮. পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১(৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহবানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসুন্তব কর বা যুক্তিসংগত করতে পারবেন।
৯. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকতে পারবে।
১০. দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।
১১. যদি চুক্তি সম্পাদন করা হয়, কোটেশনদাতার উকুত দর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সবধরণের কর, শুল্ক ও আব, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।



১২. দর টাকায় উন্নত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মূল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশনদাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।
১৩. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশনদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচেলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যক্তিত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।
১৪. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলগত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিনি)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।
১৫. উন্নত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রার্থন্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উন্নত দর/মূল্য প্রার্থন্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।
১৬. ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ০৭(সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।
১৭. ক্রয় আদেশ যা সরবরাহকারী এবং ক্রয়কারীর মধ্যে অবশ্য পালনীয় চুক্তিতে বাধ্য করে তা অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৩(তিনি) দিনের মধ্যে জারী করতে হবে।
১৮. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

কোটেশন আহ্বানকারী কর্মকর্তার স্বাক্ষর

১৪/১০৬/২০১৭ প্রকৌশ কে, এম, আইয়ুব আলী
 নাম : কে,এম, আইয়ুব আলী প্রকল্প পরিচালক
 পদবি : প্রকল্প পরিচালক, বিএফডিসি কর্মপ্রেক্ষা নির্মাণ শুরু থেকলোরেশন
 ঠিকানা : বাংলাদেশ চলচ্চিত্র উন্নয়ন কর্পোরেশন
 ফোন নম্বর: ৯১১৩৩৩৭, ই-মেইল : dte@fdc.gov.bd

বিতরণ:

১. জনাব মোঃ সাইফুল ইসলাম, নির্বাহী প্রকৌশলী, এফডিসি, ঢাকা- বিএফডিসি'র ওয়েবসাইটে পোস্ট করার জন্য।
২. নোটিশ বোর্ড
৩. দাপ্তরিক নথি

